সংবাদ

তারিখ ... 8 MAY 2012 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

দশ বোর্ডে এসএসসি ও সমমানের পরীক্ষা

পাসের হার ৮৬ দশমিক ৩২ শতাংশ

• জিপিএ-৫ পেয়েছে ৮২ হাজার ২১২

একনজরে দশ বোর্ডের ফলাফল

বোর্ড	পাসের হার	জিপিএ-৫
ঢাকা	৮৫.৪৫	২৫,৬১৫
রাজশাহী	৮৮.৩৩	১০,৭২৬
কুমিল্লা	৮৬.৫৪	৭,১৭৬
যশোর	৮৬.৭৮	৭,২২১
চট্টগ্রাম	৭৬.৭৮	৫,২৫৬
বরিশাল	৭৬.৫৮	২,৭৩০
সিলেট	৭৮.২৫	২,৭৯২
দিনাজপুর	৭৮.৭৮	৩,৪৭১
মাদ্রাসা বোর্ড	৮৪.৪৮	৭,৩৪.১৫

পাসের : রেকর্ড

(১ম পৃষ্ঠার পর)

কথা বলে আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় তিনি ওই প্রতিষ্ঠানগুলোর শিক্ষার্থীদের সঙ্গেও কথা বলেন। পরে দুপুরে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে এক প্রেস ব্রিফিংয়ে শিক্ষামন্ত্রী আনুষ্ঠানিকভাবে ফলাফল প্রকাশ করেন। তিনি বিস্তারিত ফলাফল তুলে ধরেন। এ সময় শিক্ষা সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী, ঢাকা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান প্রফেসর ফাহিমা খাতুন, মাউশির মহাসচিব প্রফেসর নোমান উর রশিদ ও বিভিন্ন শিক্ষাবোর্ডের চেয়ারম্যানরা উপস্থিত ছিলেন। এরপর দুপুর আড়াইটা থেকে নিজ নিজ শিক্ষাবোর্ডের ওয়েবসাইট অথবা কেন্দ্রে ফলাফল প্রদান করা হয়। এসএমএস পাঠিয়ে ফল জানতে পারে শিক্ষার্থীরা। মোবাইল ফোনে ফল জানতে এসএসসি লিখে স্পেস দিয়ে, বোর্ডের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে, রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০১২ লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। ফিরতি এসএমএসে ফল জানা যাবে। ভালো ফল করায় শিক্ষামন্ত্রী উত্তীর্ণ সব শিক্ষার্থী ও তাদের অভিভাবক এবং শিক্ষকদের অভিনন্দন জানান। তিনি জানান, এবার ৩ হাজার ৩৭৭টি স্কুলে শতভাগ শিক্ষার্থী পাস করেছে। সারাদেশে ১৪টি স্কুল থেকে কেউ পাস করেনি। তিনি বলেন, এ সরকার দায়িত্ব নেয়ার আগে এসএসসিতে পাসের হার ছিল ৪৭ ভাগ। কিন্তু গত তিন বছরে শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষক ও শিক্ষা প্রশাসনের সম্মিলিত প্রচেষ্টায় পাসের হার পর্যায়ক্রমে বৃদ্ধি পেয়েছে।

বোর্ডভিত্তিক পাসের হার : ১০টি শিক্ষাবোর্ডের মধ্যে আটটি সাধারণ শিক্ষাবোর্ডের এবার গড় পাসের হার ৮৬ দশমিক ৩২ শতাংশ। গত বছর আট বোর্ডের পাসের হার ছিল ৮২ দশমিক ১৬ শতাংশ। এবার আট বোর্ডে জিপিএ-৫ পেয়েছে ৬৫ হাজার ২৫২ জন, যা গত বছর ছিল ৬২ হাজার ৭৮৮ জন। এবার পাসের হারে শীর্ষে আছে সিলেট বোর্ড। এ বোর্ডের গড় পাসের হার ৯১ দশমিক ৭৮ শতাংশ। আর পাসের হারে সবচেয়ে নিচে আছে চট্টগ্রাম শিক্ষা বোর্ড। এ বোর্ডের গড় পাসের হার ৭৮ দশমিক ৯৬ শতাংশ।

ঢাকা বোর্ড : ঢাকা শিক্ষাবোর্ড থেকে এবার এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল ৩ লাখ ২৪ হাজার ৪৯৬ জন। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ২ লাখ ৭৮ হাজার ৮৯২ জন। গড় পাসের হার ৮৫ দশমিক ৯৫ শতাংশ। এ বোর্ডে জিপিএ-৫ পেয়েছে সর্বোচ্চ ২৫ হাজার ৬২৯ জন।

রাজশাহী বোর্ড : রাজশাহী শিক্ষাবোর্ড থেকে এবার পরীক্ষা দিয়েছিল ১ লাখ ৩১ হাজার ৯৬৫ জন। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ১ লাখ ১৬ হাজার ৫৫৯ জন। গড় পাসের হার ৮৮ দশমিক ৩৩ শতাংশ। এ বোর্ডে জিপিএ-৫ পেয়েছে ১০ হাজার ৭২৬ জন।

কুমিল্লা বোর্ড : কুমিল্লা শিক্ষাবোর্ড থেকে এবার পরীক্ষা দিয়েছিল ১ লাখ ২৮ হাজার ৫৯১ জন ছাত্রছাত্রী। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ১ লাখ ১০ হাজার ১৩১ জন। গড় পাসের হার ৮৫ দশমিক ৬৪ শতাংশ। এ বোর্ড থেকে জিপিএ-৫ পেয়েছে ৫ হাজার ১৭৯ জন।

যশোর বোর্ড : যশোর শিক্ষাবোর্ড থেকে এবার এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল ১ লাখ ৩১ হাজার ৭৬৩ ছাত্রছাত্রী। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ১ লাখ ১৪ হাজার ৮৪৭ জন। এ বোর্ডের গড় পাসের হার ৮৭ দশমিক ১৬ শতাংশ। এ বোর্ড থেকে জিপিএ-৫ পেয়েছে ৫ হাজার ৮২৫ জন।

চট্টগ্রাম বোর্ড : চট্টগ্রাম শিক্ষাবোর্ড থেকে এবার এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল ৮৫ হাজার ৭৬৭ জন ছাত্রছাত্রী। আর উত্তীর্ণ হয়েছে ৬৭ হাজার ৭২২ জন। এ বোর্ডের গড় পাসের হার ৭৮ দশমিক ৯৬ শতাংশ। এ বোর্ড থেকে জিপিএ-৫ পেয়েছে ৫ হাজার ১২১ জন।

বরিশাল বোর্ড : বরিশাল শিক্ষাবোর্ড থেকে এবার পরীক্ষায় অংশ নিয়েছিল ৬৩ হাজার ৩৭৯ জন ছাত্রছাত্রী। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ৫৫ হাজার ১১৭ জন। এ বোর্ডের গড় পাসের হার ৮৬ দশমিক ৯৬ শতাংশ। এ বোর্ড থেকে জিপিএ-৫ পেয়েছে ২ হাজার ৭৩০ জন জন।

সিলেট বোর্ড : সিলেট শিক্ষাবোর্ড থেকে পরীক্ষা দিয়েছিল ৫৮ হাজার ৩৭৬ জন ছাত্রছাত্রী। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ৫৩ হাজার ৫৭৯ জন। এ বোর্ডের গড় পাসের হার ৯১ দশমিক ৭৮ ভাগ। এ বোর্ড থেকে জিপিএ-৫ পেয়েছে ২ হাজার ৬১১ জন।

দিনাজপুর বোর্ড : দিনাজপুর বোর্ড থেকে এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল ১ লাখ ২৩ হাজার ৮০৭ জন ছাত্রছাত্রী। এর মধ্যে পাস করেছে ১ লাখ ৭ হাজার ৯০৯ জন। গড় পাসের হার ৮৭ দশমিক ১৬ শতাংশ। এ বোর্ড থেকে জিপিএ-৫ পেয়েছে ৭ হাজার ৪৩১ জন।

মাদ্রাসা বোর্ড : মাদ্রাসা শিক্ষাবোর্ডের অধীনে দাখিল পরীক্ষায় অংশ নিয়েছিল ২ লাখ ৭৩ হাজার ৬৫ জন ছাত্রছাত্রী। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ২ লাখ ৪১ হাজার ৫৭২ জন। এ বোর্ডের গড় পাসের হার ৮৮ দশমিক ৪৭ শতাংশ। এ বোর্ডে জিপিএ-৫ পেয়েছে ১৩ হাজার ৪৩৬ জন।

কারিগরি শিক্ষাবোর্ড : কারিগরি শিক্ষাবোর্ডের অধীনে এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় অংশ নিয়েছিল ৯১ হাজার ১৭০ জন ছাত্রছাত্রী। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ৭৩ হাজার ৫৬৬ জন। এ বোর্ডের গড় পাসের হার ৮০ দশমিক ৬৯ শতাংশ। কারিগরি বোর্ড থেকে জিপিএ-৫ পেয়েছে ৩ হাজার ৫২৪ জন।

বিদেশ কেন্দ্রের তথ্য : ঢাকা শিক্ষাবোর্ডের অধীনে জেদ্দা, রিয়াদ, আবুধাবি, দুবাই, দোহা-কাতার, বাহরাইন ও শ্রিপসী কেন্দ্র থেকে এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল ২৬৫ জন। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ২৬১ জন। গড় পাসের হার ৯৮ দশমিক ৪৯ শতাংশ। তাদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৯৪ জন।

প্রসঙ্গত ১ ফেব্রুয়ারি থেকে ৪ মার্চ পর্যন্ত ১০টি শিক্ষাবোর্ডের এসএসসি ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হয়। এবার বাংলা দ্বিতীয়পত্র, ইংরেজি প্রথম ও দ্বিতীয়পত্র এবং গণিত ছাড়া সব বিষয়ে সৃজনশীল প্রশ্ন পদ্ধতিতে পরীক্ষা হয়েছে।